

# স্বপ্ন

---

আহমেদ সাবের

ধরবো আকাশ, এমন ছিল আশা  
ঘূর্ণি হাওয়ার দাপট খেয়ে, আঁধার কোনে বাসা।

আশা ছিল, ধলেশ্বরীর কুলে  
হারিয়ে যাব বন বনানীর সবুজ পত্র মূলে।  
শ্রাবন দিনের কালো আকাশ জুড়ে  
কদম ফুলের পরাগ গুলো শূন্যে দেব ছুড়ে  
সকল কিছু কেড়ে নিল চৈত্র সর্বনাশা।

নিশি রাতের স্বপ্ন রথে আসা  
স্বপ্ন গুলো দিনের আলোয় হারিয়ে ফেলে ভাষা।

প্রাত্যহিকের হর প্রহরের দাবী  
সাপের মতো মাথা তোলে, আমি যে খাই খাবি  
দুঃখ শোকের দোদুল দোলার ভিড়ে  
স্বপ্ন দেখি ফিরবো আবার সুখ পাখীদের নীড়ে  
হবে আবার পরান খুলে বাঁধন হারা হাসা।

প্রানের পাখী কখন ভিড়ে, গানের পাখীর ভিড়ে,  
দূর আকাশে বাসা বাঁধে হৃদয়খানি ছিড়ে?

Sydney March 17, 2009